



## নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

www.ecs.gov.bd

ফোন : ৮১১৪১৭৬

ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নং নিকস/জঅ/সংবাদ বিজ্ঞপ্তি-১(২)/২০১০/৩২০

তারিখঃ ০৪ অক্টোবর, ২০১১।

### সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ৩০ অক্টোবর ২০১১ নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন কর্তৃক নিবন্ধিত স্থানীয় পর্যবেক্ষক সংস্থা এবং বিদেশী পর্যবেক্ষক সংস্থা এ নির্বাচন পর্যবেক্ষণ করতে পারবেন। এ নির্বাচনে কেন্দ্রভিত্তিক কোন পর্যবেক্ষক অনুমোদন দেয়া হবে না। শুধুমাত্র ভ্রাম্যমাণ পর্যবেক্ষক দলকে অনুমোদন দেয়া হবে। প্রতিটি ভ্রাম্যমাণ দলে অনধিক ৫ জন পর্যবেক্ষক থাকতে পারবেন। কেন্দ্রে বা বুথে স্বল্প সময়ের জন্য অবস্থান করে নির্বাচন প্রক্রিয়া পর্যবেক্ষণ করতে পারবেন।

এ প্রেক্ষাপটে নির্বাচন পর্যবেক্ষণে আগ্রহী দেশী-বিদেশী পর্যবেক্ষক সংস্থাকে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবরে আগামী ২০-১০-২০১১ তারিখের মধ্যে আবেদন জমা দিতে হবে। আবেদনপত্রে মোট পর্যবেক্ষক ও দলের সংখ্যা উল্লেখ করতে হবে। বিদেশী পর্যবেক্ষকদের তাদের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। স্থানীয় পর্যবেক্ষকদের EO-2 ও EO-3 ফরম পূরণ করে এস,এস,সি পাশের সনদ এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ দু'কপি ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

পর্যবেক্ষক নীতিমালা এবং নির্বাচন সংশ্লিষ্ট নির্বাচন কমিশনের ওয়েব সাইট (www.ecs.gov.bd) পাওয়া যাবে। সংশ্লিষ্ট ফরমসমূহও ওয়েব সাইটে পাওয়া যাবে।

(এস এম আসাদুজ্জামান)

পরিচালক (জনসংযোগ)

ফোন- ৮১১৪১৭৬

সেল- ০১৭১০-৮২৪১৪৪